

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৭, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৩ আষাঢ়, ১৪২২/১৭ জুন, ২০১৫

নিম্নলিখিত বিলটি ০৩ আষাঢ়, ১৪২২/১৭ জুন, ২০১৫ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত
হইয়াছে:—

বা. জা. স. বিল নং ১২/২০১৫

**International Finance Corporation Ordinance, 1976 (Ordinance
No. XII of 1976) রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে আনীত বিল**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অতঃপর
পঞ্চদশ সংশোধনী বলিয়া উল্লিখিত, দ্বারা সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের
১ নং আইন) বিলুপ্তির ফলশ্রুতিতে ১৯৭৫ সালের ২৪ আগস্ট হইতে ১৯৭৯ সালের ১৫ এপ্রিল পর্যন্ত
সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর “উক্ত অধ্যাদেশসমূহ” বলিয়া
উল্লিখিত, অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী
বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের
কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফল লিভ টু আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীমকোর্টের আপীল
বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী
সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার
ফলশ্রুতিতেও উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন, ইত্যাদি
প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং বহাল ও
অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, অধ্যাদেশসমূহের কার্যকারিতা প্রদান আবশ্যিক; এবং

যেহেতু দীর্ঘসময় পূর্বে জারীকৃত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথানিয়মে নূতন আইন
প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

(৪৫৭১)

মূল্য : টাকা ৮.০০

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীমকোর্টের আপীল বিভাগের কর্তৃক প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশনে না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ তারিখে ২০১৩ সনের ১নং অধ্যাদেশ প্রণয়ন ও জারী করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩ (২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যিক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টোক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু, ১১ এপ্রিল, ১৯৫৫ তারিখে আন্তর্জাতিক পুনর্গঠন ও উন্নয়ন ব্যাংক (অতঃপর ব্যাংক নামে অভিহিত) এর নির্বাহী পরিচালকগণ কর্তৃক ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশনের Articles of Agreement অনুমোদিত হইয়াছে (এবং পরবর্তীকালে ১ সেপ্টেম্বর, ১৯৬১ এবং ২৫ আগস্ট, ১৯৬৫ তারিখে কর্পোরেশনের বোর্ড অব গভর্নরস' সভার সিদ্ধান্তক্রমে সংশোধিত), এবং সরকারসমূহের পক্ষে অনুমোদন ও স্বাক্ষরের লক্ষ্যে ব্যাংকের আর্কাইভে রক্ষিত আছে; এবং

যেহেতু, উল্লিখিত চুক্তি অনুসারে বর্ণিত কর্পোরেশনের সদস্য হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর অংশগ্রহণের নিমিত্ত বিধান করা সমীচীন; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে International Finance Corporation Ordinance, 1976 (Ordinance No. XII of 1976) এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক উহা রহিতক্রমে পুনঃপ্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(১) “কর্পোরেশন” অর্থ ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন;

(২) “চুক্তি” অর্থ ‘ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন’ শীর্ষক আন্তর্জাতিক সংস্থা গঠন ও পরিচালনার জন্য ১১ এপ্রিল, ১৯৫৫ তারিখে ব্যাংকের নির্বাহী পরিচালকগণ কর্তৃক অনুমোদিত (পরবর্তীকালে ১ সেপ্টেম্বর, ১৯৬১ এবং ২৫ আগস্ট, ১৯৬৫ তারিখে কর্পোরেশনের বোর্ড অব গভর্নরস' সভার সিদ্ধান্তক্রমে সংশোধিত) Articles of Agreement, এবং উহার অনুবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে স্বাক্ষরিত বা গৃহীত হইতে পারে এমন কোন চুক্তি;

(৩) “সদস্য” অর্থ কর্পোরেশনের সদস্য।

৩। আর্থিক সংস্থান।—(১) চুক্তি Article 11 এর Section 3 এর Paragraph (a) এর অধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে প্রদেয় প্রয়োজনীয় সমুদয় অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদত্ত হইবে।

(২) চুক্তি অনুসারে কর্পোরেশন হইতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ সংযুক্ত তহবিলে জমা হইবে।

৪। কর্পোরেশনের আমানতদার হইবে বাংলাদেশ ব্যাংক।—বাংলাদেশ ব্যাংক কর্পোরেশনের ধারণকৃত বাংলাদেশি মুদ্রা বা অন্যান্য পরিসম্পদের আমানতদার (depository) হইবে।

৫। চুক্তির বিশেষ বিধান আইনের মর্যাদাসম্পন্ন হইবে।—আপাততঃ বলবৎ অন্য কোনো আইনে বিপরীত যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের সহিত সংযোজিত তফসিলে বিধৃত চুক্তির Article VI এর বিধানাবলী বাংলাদেশের আইনের মর্যাদাসম্পন্ন হইবে:

তবে শর্ত থাকে যে, চুক্তির Section 9 এর বিধানের এমন কোন ব্যাখ্যা করা যাইবে না যাহা—

- (ক) কর্পোরেশন কর্তৃক কোন প্রকার পণ্য শুল্কমুক্তভাবে আমদানি করা হইলে পরবর্তীতে কোনো নিয়ন্ত্রণ ছাড়া বাংলাদেশে উহা বিক্রয়ের অধিকার বর্তায়; অথবা
- (খ) বিক্রীত পণ্যের মূল্যের অংশ হিসাবে কর্পোরেশনকে শুল্ক বা কর হইতে অব্যাহতি প্রদান করে বা প্রদত্ত সেবার মূল্যের অধিক হয়।

৬। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৭। রহিতকরণ ও হেফাজত।—(১) International Finance Corporation Ordinance, 1976 (Ordinance No. XII of 1976) অতঃপর রহিত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর—

- (ক) অধীন কৃত কোন কাজ-কর্ম, গৃহীত কোন ব্যবস্থা বা সূচিত কোন কার্যধারা এই আইনের অধীনকৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- (খ) অধীন গৃহীত কোন কার্যক্রম বা সূচিত কোন কার্যধারা অনিষ্পন্ন বা চলমান থাকিলে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা এই আইনের অধীন গৃহীত বা সূচিত হইয়াছে; এবং
- (গ) Section 6 দ্বারা ঘোষিত International Finance Corporation Act, 1956 (Act No. XXVIII of 1956) এমনভাবে ‘no Part of the laws of Bangladesh’ হিসাবে অব্যাহত থাকিবে যেন এই আইন দ্বারা উহাকে ‘no Part of the laws of Bangladesh’ হিসাবে ঘোষণা করা হইয়াছে।

তফসিল
(ধারা ৫ দ্রষ্টব্য)

Provisions of Agreement which shall have force of Law

THE AGREEMENT

ARTICLE VI

STATUS, IMMUNITIES AND PRIVILEGES

SECTION 1.—Purpose of Article

To enable the Corporation to fulfil the functions with which it is entrusted, the status, immunities and privileges set forth in this Article shall be accorded to the Corporation in the territories of each member.

SECTION 2.—Status of the Corporation

The Corporation shall possess full juridical personality and in particular, the capacity :

- (i) to contract;
- (ii) to acquire and dispose of immovable and movable property;
- (iii) to institute legal proceedings.

SECTION 3.—Position of the Corporation with regard to Judicial Process

Actions may be brought against the Corporation only in a court of competent jurisdiction in the territories of a member in which the Corporation has an office, has appointed an agent for the purpose of accepting service or notice of process, or has issue or guaranteed securities. No action shall, however, be brought by members or persons acting for or deriving claims from members. The property and assets of the Corporation shall, wheresoever located and by whomsoever held, be immune from all forms of seizure, attachment or execution before the delivery of final judgement against the Corporation.

SECTION 4.—Immunity of Assets from Seizure

Property and assets of the Corporation, wherever located and by whomsoever held, shall be immune from search, requisition, confiscation, expropriation or any other form of seizure by executive or legislative action.

SECTION 5.—Immunity of Archives

The Archives of the Corporation shall be inviolable.

SECTION 6.—Freedom of Assets from Restrictions

To the extent necessary to carry out the operations provided for in this Agreement and subject to the provisions of Article III, Section 5, and the other provisions of this Agreement, all property and assets of the Corporation shall be free from restrictions, regulations, controls and moratoria of any nature.

SECTION 7.—Privilege for Communications

The official communications of the Corporation shall be accorded by each member the same treatment that it accords to the official communications of other members.

SECTION 8.—Immunities and Privileges of Officers and
Employees

All Governors, Directors, Alternates, officers and employees of the Corporation:

- (i) shall be immune from legal process with respect to acts performed by them in their official capacity;
- (ii) not being local nationals, shall be accorded the same immunities from immigration restrictions, alien registration requirements and national service obligations and the same facilities as regards exchange restrictions as are accorded by members to the representatives, officials and employees of comparable rank of other members;
- (iii) shall be granted the same treatment in respect of travelling facilities as is accorded by members to representatives, officials and employees of comparable rank of other members.

SECTION 9.—Immunities from Taxation

(a) The Corporation, its assets, property, income and its operations and transactions authorized by this Agreement, shall be immune from all taxation and from all customs duties. The Corporation shall also be immune from liabilities for the collection or payment of any tax or duty.

(b) No tax shall be levied on or in respect of salaries and emoluments paid by the Corporation to Directors, Alternates, officials or employees of the Corporation who are not local citizens, local subjects, or other local nationals.

(c) No taxation of any kind shall be levied on any obligation or security issued by the Corporation (including any dividend or interest thereon) by whomsoever held :

- (i) which discriminates against such obligation or security solely because it is issued by the Corporation; or
- (ii) if the sole jurisdictional basis for such taxation is the place or currency in which it is issued, made payable or paid, or the location of any office or place of business maintained by the Corporation.

(d) No taxation of any kind shall be levied on any obligation or security guaranteed by the Corporation (including any dividend or interest thereon) by whomsoever held :

- (i) which discriminates against such obligation or security solely because it is guaranteed by the Corporation; or
- (ii) if the sole jurisdictional basis for such taxation is the location of any office or place of business maintained by the Corporation.

SECTION 10.—Application of Article

Each member shall take such action as is necessary in its own territories for the purpose of making effective in terms of its own law the principles set forth in this Article and shall inform the Corporation of the detailed action which it has taken.

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বিশ্ব ব্যাংক গ্রুপের অংশ প্রতিষ্ঠান হিসাবে ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন বাংলাদেশের বেসরকারি খাতে অর্থায়ন ও পরামর্শ সেবা দিয়া প্রবৃদ্ধি ত্বরান্বিত করণে ভূমিকা রাখিতেছে।

আন্তর্জাতিক পুনর্গঠন ও উন্নয়ন ব্যাংক এর নির্বাহী পরিচালকবৃন্দ ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশনের Articles of Agreement ১৯৫৫ সালে অনুমোদন করায় চুক্তি অনুযায়ী বর্ণিত কর্পোরেশনের সদস্য হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর অংশ গ্রহণের নিমিত্ত বিধান রাখা সমীচীন। উল্লেখ্য, সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা সংবিধান

(পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বিলুপ্তির ফলে The International Finance Corporation Ordinance 1979 (Ordinance No-XII of 1976) এর কার্যকারিতা রহিত হইয়াছে এবং অধ্যাদেশটি বাংলা ভাষায় প্রণয়নের মাধ্যমে আইন আকারে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

ভবিষ্যতে বেসরকারি খাতের উন্নয়নে ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন অধিকতর ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি ও রহিতকৃত অধ্যাদেশটির আওতায় গৃহীত কার্যক্রমের বৈধতা ও ধারাবাহিকতা রক্ষার্থে ইন্টারন্যাশনাল ফিনান্স কর্পোরেশন আইন, ২০১৫ শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপন করা হইল।

আবুল মাল আবদুল মুহিত
ভারপ্রাপ্ত মন্ত্রী।

মোঃ আশরাফুল মকবুল
সিনিয়র সচিব।